

জড়িতরা গ্রেফতার না হলে বুধবার উপাচার্য ভবন ঘেরাও

জবি শিক্ষার্থী নাজিমউদ্দিন সামাদ হত্যা

■ জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সাক্ষ্যকালীন আইন বিভাগের শিক্ষার্থী নাজিমউদ্দিন সামাদ হত্যায় জড়িতদের চিহ্নিত করে মঙ্গলবারের মধ্যে গ্রেফতার না করা হলে বুধবার উপাচার্য ভবন ঘেরাও কর্মসূচির ঘোষণা দিয়েছে শিক্ষার্থীরা। গতকাল রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট শেষে এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচির ঘোষণা দেয়া হয়।

সম্মেলনে আন্দোলনের সমন্বয়কারী ও অর্থনীতি বিভাগের শিক্ষার্থী রুহুল আমিন বলেন, নাজিম হত্যাকারীদের গ্রেফতারে জবি প্রশাসনের কোনো তৎপরতা নেই। মঙ্গলবারের মধ্যে হত্যাকারীদের গ্রেফতারে অগ্রগতি না হলে বুধবার উপাচার্য ভবন ঘেরাও করা হবে।

এর আগে নাজিম হত্যার প্রতিবাদে গতকাল সকালে বিক্ষোভ শেষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ফটকে তালা বুলিয়ে দেয় শিক্ষার্থীরা। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডির সদস্যরা তালা ভেঙে ফেলেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, রবিবার সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা শহীদ মিনারের সামনে থেকে বিক্ষোভ মিছিল শুরু করে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। পরে তারা মুক্তিযুদ্ধ ভাস্কর্যের সামনে বিক্ষোভ সমাবেশ করে।

সরেজমিনে দেখা গেছে, বিশ্ববিদ্যালয় প্রগতিশীল ছাত্রদের ডাকে ধর্মঘট চলাকালে অধিকাংশ বিভাগে ক্লাস-পরীক্ষা হয়নি। কিছু কিছু বিভাগে অবশ্য শিক্ষকেরা ক্লাস-পরীক্ষা নিয়েছেন বলেও জানা গেছে। তবে সড়ক অবরোধ বন্ধে ক্যাম্পাসে বিপুল পরিমাণ পুলিশ মোতায়েন করা হয়।

এ ব্যাপারে জানতে চাইলে কোতয়ালি থানার ওসি আবুল হাসান বলেন, অপ্রীতিকর ঘটনা এড়াতেই অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. নূর মোহাম্মদ বলেন, হত্যাকারীদের গ্রেফতারে ব্যবস্থা নিতে পুলিশের ওয়ারী জোনের ডিসিকে চিঠি দেয়া হয়েছে। এছাড়া হত্যাকারীদের গ্রেফতারে সকল ধরনের প্রশাসনিক সহায়তা দেয়া হচ্ছে।